গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঈশ্বরদী,পাবনা
**www.ishurdi.pabna.gov.bd**

স্মারক নং : ০৫.৪৩.৭৬৩৯.০০০.১১.০০২.১৮ - ১৬৪৮

তারিখ : ০৬ অগ্রহায়ন ১৪২৫ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে গ্রাম পুলিশদের (মহল্লাদার) শূন্য পদ পূরণের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশের নাগরিক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | পদের নাম | বেতন | বয়সসীমা | ইউনিয়ন | শূণ্য পদ সংখ্যা | শারীরিক যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মহল্লাদার | ৬,৫০০/- | ১৮ থেকে ৩০ বছর,<br><br>মুক্তিযোদ্ধা কোটাধারীদের ক্ষেত্রে ৩২ বছর | সলিমপুর<br>সাঁড়া<br>দাশুড়িয়া<br>পাকশী | ০৩ টি<br>০১ টি<br>০২ টি<br>০১ জন | পুরুষ প্রার্থীর ক্ষেত্রে<br>(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি<br>(আ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ; ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)<br>(ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি<br><br>মহিলা প্রার্থীর ক্ষেত্রে<br>(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট<br>(আ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ; ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)<br>(ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

০১) প্রার্থীদের পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার অন্তর্গত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

০২) ২০/১২/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। (মুক্তিযোদ্ধা কোটাধারীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য)। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩) মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক প্রয়োজনীয় সনদ, গেজেট ও অন্যান্য তথ্যাদি সম্বলিত কাগজপত্রাদি দাখিল করতে হবে।

০৪) সংযুক্ত নমুনা মোতাবেক তথ্যাদি কম্পিউটারে কম্পোজ করে পূরণকৃত ও স্বহস্তে স্বাক্ষরিত দরখাস্ত আগামী ২০/১২/২০১৮ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে ঈশ্বরদী উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত নির্ধারিত বাক্স-এ জমা দিতে হবে। আবেদনপত্রের খামের ওপর পদের নাম এবং ইউনিয়নের নাম (যে ইউনিয়নের জন্য আবেদন করা হচ্ছে) আবশ্যিকভাবে লিখতে হবে।

০৫) যে কোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা বরাবর ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৬) প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষার ডাক্তারী সনদ এবং পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

০৭) আবেদনপত্রে (সংযুক্ত নমুনা) প্রার্থীর নাম, পিতার নাম, স্বামীর নাম, মাতার নাম, জন্ম তারিখসহ বয়স (জন্মসনদ দাখিল করতে হবে), ঠিকানা (স্থায়ী ঠিকানা ও বর্তমান), পাসপোর্ট নম্বর (যদি থাকে), শারীরিক যোগ্যতার পরিমাপ, প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের ফটোকপি (সত্যায়িত) এবং সাম্প্রতিক কালের পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

০৮) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূলকপি দাখিল করতে হবে।

০৯। মহল্লাদার এর শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১০) আবেদনে চাহিত সকল তথ্য দিতে হবে, অন্যথায় আবেদন সরাসরি বাতিল বলে গন্য হবে।

১১) কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

১২) নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

২০/১১/১৮

(আহাম্মদ হোসেন ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঈশ্বরদী,পাবনা
**www.ishurdi.pabna.gov.bd**

স্মারক নং : ০৫.৪৩.৭৬৩৯.০০০.১১.০০২.১৮ - ১৬৪৮

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। জেলা প্রশাসক, পাবনা
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরদী, পাবনা
০৪। সহকারি কমিশনার (ভূমি), ঈশ্বরদী, পাবনা
০৫। অফিসার ইনচার্জ, ঈশ্বরদী থানা, ঈশ্বরদী, পাবনা
০৬ । উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা
০৭। উপজেলা সমাজসেবা অফিসার, ঈশ্বরদী, পাবনা
০৮। উপজেলা ................................................অফিসার, ঈশ্বরদী, পাবনা (সকল)
০৯। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ, ঈশ্বরদী, পাবনা (সকল)
১০। সভাপতি/ সম্পাদক, ..................................................পত্রিকা, ঈশ্বরদী, পাবনা
১১। জনাব মোঃ মোশারফ হোসেন, ইউপি সচিব, সলিমপুর ইউপি, ঈশ্বরদী, পাবনা
১২। জনাব মোছা: আরজিনা খাতুন, ইউপি সচিব, দাশুড়িয়া ইউপি, ঈশ্বরদী, পাবনা
১৩। জনাব মোঃ শহীদুল ইসলাম, ইউপি সচিব, সাঁড়া ইউপি, ঈশ্বরদী, পাবনা
১৪। জনাব মো: মিজানুর রহমান, ইউপি সচিব, পাকশী ইউপি, ঈশ্বরদী, পাবনা
১৫। উপজেলা টেকনিসিয়ান , ঈশ্বরদী, পাবনা । (উপজেলা তথ্য বাতায়নে বিজ্ঞপ্তিটি আপলোড করার অনুরোধসহ)
১৬। উদ্যোক্তা,..............................ইউপি, ঈশ্বরদী, পাবনা। (ইউনিয়ন তথ্য বাতায়নে বিজ্ঞপ্তিটি আপলোড করার অনুরোধসহ)

১৭। ইজারাদার,..............................হাট, ................................ইউনিয়ন, ঈশ্বরদী, পাবনা। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১৮। জনাব ..........................................................................................................................

(আহাম্মদ হোসেন ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী, পাবনা
ফোন নং ০৭৩২৬-৬৩৪৮৩
ফ্যাক্স নং ০৭৩২৬-৬৩০৫৯
ই-মেইল- unoishurdi@mopa.gov.bd

# আবেদন ফরম

ফটো

পদের নাম : ইউনিয়নের নাম :

প্রার্থীর নামঃ

পিতার নাম :

মাতার নামঃ

স্বামীর নামঃ

স্থায়ী ঠিকানা :

| গ্রাম | ডাকঘর | উপজেলা | জেলা |
|---|---|---|---|
| | | | |

বর্তমান ঠিকানা :

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |

জন্ম তারিখ : বয়স (২০/১২/২০১৮ খ্রি. তারিখে) :

জাতীয় পরিচয়পত্র নম্বর :

পাসপোর্ট নম্বর (যদি থাকে) :

শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | পাশের সন | বিভাগ / গ্রেড | |
|---|---|---|---|---|
| পিইসি / সমমান | | | | |
| জেএসসি / সমমান | | | | |
| এসএসসি / সমমান | | | | |
| এইচএসসি / সমমান | | | | |
| | | | | |

শারীরিক যোগ্যতা :

| উচ্চতা | বুকের মাপ | ওজন |
|---|---|---|
| | | |
| | | |

কোটা (যদি থাকে) :

আবেদনকারীর স্বাক্ষর